



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

বিজ্ঞপ্তি নং- ০৭/২০১৮

তারিখ : ০৮/০৮/২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-এর Law Cell এ ০২ জন খন্ডকালীন চুক্তিভিত্তিক 'আইন পরামর্শক' নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানী ও অন্যান্য শর্তে আত্রহী বাংলাদেশী আইনজীবীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

০১. শিক্ষাগত যোগ্যতাঃ প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে।
০২. অভিজ্ঞতা : সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ১৫ (পনের) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৩. মাসিক সম্মানীঃ সর্বসাকুল্যে ৮৫০,০০০.০০(টাকা পঞ্চাশ হাজার মাত্র)। উক্ত অর্থের উপর প্রযোজ্য হারে ভ্যাট ব্যাংক কর্তৃক বহন করা হবে। তবে সরকারী নিয়মানুযায়ী প্রযোজ্য হারে আয়কর কর্তন করা হবে। চুক্তিভিত্তিক নিয়োগকালীন সময়ে কোনরূপ সম্মানী বৃদ্ধি, ভাতা, আগাম, ইনক্রিমেন্ট, বোনাস বা পদোন্নতি প্রদান করা হবে না।
০৪. চুক্তির মেয়াদ : ০২(দুই) বছর- প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য।
০৫. কার্যপরিধি (TOR):

- ক. জরুরী মামলাসমূহ চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- খ. নিয়োগকৃত প্যানেল আইনজীবীদেরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান।
- গ. রেজিস্ট্রার অফিস, আদালত/কোর্ট, বিভিন্ন মন্ত্রণালয়সহ বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগ ও শাখা অফিসের সাথে তথ্যের আদান প্রদানে সহায়তাকরণ।
- ঘ. লিগ্যাল নোটিশ এর জবাব প্রদানে সহায়তাকরণ।
- ঙ. যে কোন আইন প্রণয়নে মতামত প্রদানের পূর্বে বা গাইডলাইন ও সার্কুলার প্রণয়নের পূর্বে Vetting করণ।
- চ. আদালতে চলমান মামলাসমূহ নিয়মিত তদারকিকরণ।
- ছ. বিভাগীয় যে কোন প্রয়োজনে আইনগত মতামত প্রদান।
- জ. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে যে কোন কার্যক্রম গ্রহণ।

০৬. অন্যান্য শর্তাবলীঃ

- ক. বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন মামলা পরিচালনার জন্য নিয়োজিত হলে মামলা পরিচালনা সংক্রান্ত কর্মকাণ্ডে প্যানেলভুক্ত আইনজীবী হিসেবে ব্যাংকের নিয়মে নির্ধারিত হারে ফি/সম্মানী প্রাপ্য হবেন।
 - খ. বাংলাদেশ ব্যাংকের বিরুদ্ধে কোন মামলা গ্রহণ ও পরিচালনা করতে পারবেন না।
 - গ. প্রতি কার্যদিবসে একটি নির্দিষ্ট সময়ে ন্যূনতম ০৩ ঘন্টা সময়ের জন্য বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-এর Law Cell এ অবস্থান করতে হবে।
০৭. প্রার্থীদেরকে ব্যাংক কর্তৃক মনোনীত নির্বাচন কমিটির নিকট সাক্ষাৎকারে অবতীর্ণ হতে হবে।

আত্রহী প্রার্থীদের পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-এর বরাবরে সরাসরি অথবা স্ক্যান কপি e-mail (gm.hrd@bb.org.bd)-এ আগামী ২৪/০৮/২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের সাথে সত্যায়িত ০৩(তিন) কপি ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড, সকল শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি প্রেরণ করতে হবে।

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(নূর-উন-নাহার)

মহাব্যবস্থাপক